

শাবি উপাচার্যের এক বছর

ছাত্রলীগকে সামলাতেই গেছে অধিকাংশ সময়

সুমন ভালুকদার শাবি -

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো. সাঈদুল হকের এক বছর পূর্ণ হচ্ছে আজ শনিবার। এই এক বছরের পুরো সময়টিতে তাকে ব্যস্ত থাকতে হয়েছে শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিতকরণ, নিয়ন্ত্রণহীন ছাত্রলীগকে সামলানো, বিশ্ববিদ্যালয় মহাপরিষদনা বাস্তবায়ন, শিক্ষক সম্মতি নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, মুক্তবুদ্ধির চর্চায় পযুক্ত সুযোগ-সুবিধা প্রদানসহ নানান নতুন সমস্যা নিয়ে। ২০০৯ সালের ১৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের অষ্টম উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন তিনি।

একাধিক চারপেত্র নিয়ে এই বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়ে গত বছরের বেশিরভাগ সময়ই তাকে ভাবতে হয়েছে ছাত্রলীগকে নিয়ে। নিয়ন্ত্রণহীন এ ছাত্র সংগঠনটিকে নিয়ন্ত্রণ করার পাশাপাশি শিক্ষক-শিক্ষার্থীদের মাঝে যুগ্মস্বার্থকামী কিছু পদক্ষেপও নিয়েছেন অধ্যাপক ড. সাঈদুল হক। তবে তাকে নিয়ে কিছু বিভ্রান্তিরও সৃষ্টি হয়েছে। পুত্র জানায়, মন্ত্রণালয় সরকার ক্ষমতায় আসার পর বিশ্ববিদ্যালয়ের অষ্টম উপাচার্য হিসেবে ড. সাঈদুল হক যখন যোগ দেন সে সময় ক্যাম্পাসে ছাত্রলীগের বিদ্যমান গ্রুপওয়ার নথি কোমল ছিল চরমে। হল ও ক্যাম্পাসে অধিপত্য বিস্তারের চেষ্টায় মরিয়া ছিল গ্রুপগুলো। কয়েক দিনের মজাইয়ে তখন তারা নিজেরাই নিজেদের প্রতিদ্বন্দ্বী। এ কারণে বিভিন্ন সময় তাদের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনাও ঘটেছে। সেইন অব কমান্ড না থাকায় নিয়ন্ত্রণহীন হয়ে পড়ে সংগঠনটি। নিয়ন্ত্রণহীন এই ছাত্রলীগ নিয়ে বেকায়দায় পড়তে হয় নতুন উপাচার্যকে। এই এক বছরে তিনিসহ বিশ্ববিদ্যালয় প্রক্টর, প্রভোস্টসহ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে থাকা শিক্ষক-কর্মকর্তারা যারবার ছাত্রলীগের বিকোভের মুখে পড়েন। ক্যাম্পাসে বিভিন্ন সময় নানা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলেও আ্যকস্মিক কার্যক্রমের ওপর তার প্রভাব পড়তে সেননি বর্তমান উপাচার্য। একদিনের জন্যও বন্ধ হয়নি বিশ্ববিদ্যালয়। রূপন-পরীক্ষাও চলতে নিয়মিতই।